গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা
www.masscommunication.gov.bd

নং- ১৫.৫৬.০০০০.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১)/১৩০০৭ তারিখ ০৮.১২.২০২০

বিষয়: **তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত নভেম্বর-২০২০ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।**

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে নভেম্বর-২০২০ (২য় পক্ষ) মাসের **'জনমত'** প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযোজনী : জনমত প্রতিবেদন এক প্রস্থ।

০৮/১২/২০

(আকতার হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন : ৮৩০০৬৪০
dgmasscommunication@yahoo.com

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
বিতরণ:

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা। (জনমত প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

## নভেম্বর-২০২০ (২য় পক্ষ)

- **জনমত শিরোনাম**

— করোনার সম্ভাব্য দ্বিতীয় ঢেউ প্রতিরোধে সতর্কতা আরোপ। করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর গুরুত্বারোপ

— পর্যটন শিল্পের বিকাশে কার্যকর পদক্ষেপ গ্রহণের প্রত্যাশা লক্ষ্মীপুরবাসীর

— বাজারে শীতকালীন সব্জির সরবরাহ বাড়তে থাকায় দাম কিছুটা কমতে শুরু করেছে বলে ভোক্তাসাধারণের অভিমত

— আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকদ্রব্যের অপব্যবহার রোধে অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ জনসাধারণের

## ▭ করোনার সম্ভাব্য দ্বিতীয় ঢেউ প্রতিরোধে সতর্কতা আরোপ। করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর গুরুত্বারোপ।

● শীত মৌসুমে দেশে করোনার প্রকোপ বাড়তে পারে। শীত মৌসুম শুরু হওয়ায় ঠান্ডা, কাঁশি ও জ্বরের প্রকোপও বাড়ছে। শীত মৌসুম পুরোপুরি শুরু হলে দেশে করোনাভাইরাসের সম্ভাব্য দ্বিতীয় ঢেউ প্রতিরোধ করতে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে। এ লক্ষ্যে সরকারি-বেসরকারি সব প্রতিষ্ঠানে সেবা গ্রহীতাসহ সকলের মাস্ক পরিধান নিশ্চিত করতে যথোচিত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য বিভাগ, স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনী এবং তথ্য অফিসসমূহ সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

## ▭ পর্যটন শিল্পের বিকাশে কার্যকর পদক্ষেপ গ্রহণের প্রত্যাশা লক্ষ্মীপুরবাসীর।

● মেঘনার সৌন্দর্যের লীলাভূমি মেঘনা পাড়ের উপকূলীয় জেলা লক্ষ্মীপুর। নদী আর প্রকৃতি দুই মিলে লক্ষ্মীপুরের উপকূলকে করে তুলেছে অপরূপ। ফলে প্রতিদিন পর্যটকদের পদচারনায় মুখরিত থাকে লক্ষ্মীপুরের মেঘনা নদীর উপকূল। মেঘনা পাড়ের এ জেলায় রয়েছে জেগে উঠা অনেক চর এবং নারকেল, সুপারির সাজানো বাগান, রয়েছে তিনশত বছরের পুরানো ঐতিহ্যবাহী জমিদার বাড়ি। উপকূল জুড়ে এ সৌন্দর্যের লীলাভূমি, তাই অনায়াসেই এখানে ছুটে আসে পর্যটকেরা। উপকূলের অন্যতম পর্যটন স্পট চর আলেকজান্ডার। জেলার ভ্রমণ পিপাসু ও সচেতন মহল মনে করেন সরকারি পৃষ্ঠপোষকতা পেলে এই স্থানটি হয়ে উঠতে পারে একটি লাভজনক পর্যটন কেন্দ্র।

## ▭ বাজারে শীতকালীন সব্জির সরবরাহ বাড়তে থাকায় দাম কিছুটা কমতে শুরু করেছে বলে ভোক্তাসাধারণের অভিমত।

● বাজারে শীতের সব্জির সরবরাহ বাড়তে শুরু করেছে। ফলে প্রায় সকল ধরণের সব্জির দাম বেশ কিছুটা কমেছে বলে ভোক্তাসাধারণ অভিমত প্রকাশ করেছে। এদিকে বাজারে নতুন আলু ও কাঁচা টমেটো উঠতে শুরু করেছে, তবে দাম একটু বেশি। এর বাইরে চাল, চিনি, আটা, পেঁয়াজ, রসুন, মাছ, মাংস, ময়দাসহ বিভিন্ন নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম অপরিবর্তিত রয়েছে। সাধারণ জনগণ মনে করে, উৎপাদকের বিক্রয় মূল্য ও ভোক্তার ক্রয় মূল্যের মধ্যে মধ্যস্বত্বভোগী শ্রেণীই বিস্তর ব্যবধান সৃষ্টি করে দেয়। নিত্যপ্রয়োজনীয় সকল পণ্যের দাম যাতে কমে, এ ব্যাপারে সরকার কার্যকর ব্যবস্থা নেবে বলে জনগণ প্রত্যাশা ব্যক্ত করেছে।

চলমান পাতা-৩

**❐ আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকদ্রব্যের অপব্যবহার রোধে অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ জনসাধারণের।**

- সার্বিকভাবে দেশের আইনশৃঙ্খলা পরিস্হিতি স্বাভাবিক বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। মাদকদ্রব্যের অপব্যবহার রোধে পুলিশ প্রশাসন ও মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর বিভিন্ন স্থানে মাদকের কুফল নিয়ে সচেতনতামূলক আলোচনা সভা করছে। তা সত্ত্বেও এক শ্রেণির মাদক ব্যবসায়ী আইন-শৃঙ্খলা বাহিনীর দৃষ্টি এড়িয়ে গ্রামে-গঞ্জে যুব সমাজের নিকট মাদক পৌঁছে দিচ্ছে। মাদকের ভয়াবহতা এবং ইভটিজারদের দৌরাত্ব প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীকে অভিযান অব্যাহত রাখতে সকল শ্রেণি পেশার জনগণ আহ্বান জানান।

---

তৈয়ব/শুকলা/রীনা/প্রতিমা

০৮/১২/২০২০

শুকলা বনিক
উপপরিচালক (প্রচার)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার